

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০১৯

৮ম খণ্ড

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ । ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
যুগ্মসচিব (মতামত) এর কার্যালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

১৯৬৪ সালের নোটারী বিধিমালার বিধি ৫(২) এর শর্ত মোতাবেক বিজ্ঞপ্তি জারি করা যাচ্ছে যে, ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য বিজ্ঞ এ্যাডভোকেট জনাব মোঃ ফিরোজ আলী, পিতা-মোঃ তোরাব আলী মন্ডল, মাতা-মৃত রোমেছা খাতুন, স্থায়ী ঠিকানা : গ্রাম-হরিনারায়ণপুর, পোঃ-পুস্পপাড়া, ইউনিয়ন-গয়েষপুর, থানা-পাবনা সদর, জেলা-পাবনা। বর্তমান ঠিকানা : বাসা নং-১৬/১/বি, নীচ তলা, রজনী চৌধুরী রোড, থানা-গেভারিয়া, ডিএমপি, ঢাকা সমগ্র

বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগ লাভের জন্য আবেদন করেছেন, যা সরকারের বিবেচনাধীন রয়েছে।

এমতাবস্থায়, আবেদনকারীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগদানের ক্ষেত্রে যদি কোনো ব্যক্তির কোনো আপত্তি থাকে, তবে তা এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৪(চৌদ্দ) দিন মেয়াদের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উম্মে কুলসুম  
যুগ্মসচিব (মতামত)  
ও  
উপযুক্ত কর্তৃপক্ষ।  
(৩১—১)

ক্রোড়পত্র ক  
সেনাবাহিনী সদর দপ্তর  
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা  
পার্সোন্যাল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর

পত্র নং ২৩.০১.৯০১.০৩৭.০৪.০৯৭.০৭.৩১.০১.১৯

তারিখ : জানুয়ারি ২০১৯

খসড়া প্রজ্ঞাপন

১। বাংলাদেশ সেনাবাহিনীর ১৩ বীর এ কর্মরত সেনা নম্বর ৪৫১৩৮২৬ এনসি(ই) অমল কুমার দাস স্বেচ্ছায় ইসলাম ধর্ম গ্রহণ করায় নাম পরিবর্তনের বিষয়টি এআর(আর) ভলিউম-১ (বুলস) ১৯৮৬ এর বিধি ৪৩২ এপেনডিক্স জে এর অনুচ্ছেদ ৪(ডি) অনুসারে অধিনায়ক, ১৩ বীর কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত সেনাসদস্য স্বেচ্ছায় ধর্মান্তরিত হয়ে নাম পরিবর্তন করায় বর্তমানে নিম্নরূপভাবে পরিচিত হবেন:

ক্রমিক	পূর্বের নাম	ধর্মান্তরিত হওয়ার পর পরিবর্তিত নাম	মন্তব্য
১।	অমল কুমার দাস	মোঃ ওমর ফারুক	পরিবর্তিত নাম অনুমোদনের তারিখ অর্থাৎ ১৪ মার্চ ২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

এ কে এম আহসান-উল-হাফিজ  
মেজর  
ডিএএজি (কর্ড)  
সেনাসদর, পিএ পরিদপ্তর।  
(৩২—১)